# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৭৫

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ শরীক ব্যক্তি শুফ‘আর হকদার।

## باب مَا جَاءَ أَنَّ الشَّرِيكَ شَفِيعٌ

আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ عِيسَى، حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، عَنْ أَبِي حَمْزَةَ السُّكَّرِيِّ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الشَّرِيكُ شَفِيعٌ وَالشُّفْعَةُ فِي كُلِّ شَيْءٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ مِثْلَ هَذَا إِلاَّ مِنْ حَدِيثِ أَبِي حَمْزَةَ السُّكَّرِيِّ . وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً وَهَذَا أَصَحُّ .
حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ بِمَعْنَاهُ وَلَيْسَ فِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَهَكَذَا رَوَى غَيْرُ وَاحِدٍ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ مِثْلَ هَذَا لَيْسَ فِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ أَبِي حَمْزَةَ . وَأَبُو حَمْزَةَ ثِقَةٌ يُمْكِنُ أَنْ يَكُونَ الْخَطَأُ مِنْ غَيْرِ أَبِي حَمْزَةَ .
حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَدِيثِ أَبِي بَكْرِ بْنِ عَيَّاشٍ . وَقَالَ أَكْثَرُ أَهْلِ الْعِلْمِ إِنَّمَا تَكُونُ الشُّفْعَةُ فِي الدُّورِ وَالأَرَضِينَ وَلَمْ يَرَوُا الشُّفْعَةَ فِي كُلِّ شَيْءٍ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الشُّفْعَةُ فِي كُلِّ شَيْءٍ . وَالْقَوْلُ الأَوَّلُ أَصَحُّ .

বাংলা

১৩৭৫. ইউসুফ ইবনু ঈসা (রহঃ) ..... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, শরীক শুফ’আ এর অধিকারী। আর প্রত্যেক বস্তুতেই শুফ’আর অধিকার রয়েছে। - যইফা ১০০৯, ১০১০,তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৭১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ হামযা সুককারী (রহঃ)-এর রিওয়ায়াত ছাড়া হাদীসটি এইরূপভাবে অন্য কোন বর্ণণায় রয়েছে বলে আমাদের জানা নেই। একাধিক রাবী হাদীসটিকে আবদুল আযীয ইবনু রুফায়-ইবনু আবী মূলায়কা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরসালরূপে বর্ণনা করেছেন। এটই অধিকতর সহীহ। হানদার (রহঃ) ... ইবনু আলী মূলায়কা (রহঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্তমর্মে অনুরূপ বর্ণনা করেছেন। এই সনদে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর উল্লেখ নেই। আবদুল আযীয ইবনু রুফায়’ (রহঃ) থেকে একাধিক রাবী অনুরূপ বর্ণনা করেছেন। এই সনদে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে একথার উল্লেখ নেই।

আবূ হামযা (রহঃ)-এর রিওয়ায়াত (১৩৭৪ নং) থেকে এটি অধিকতর সহীহ। আবূ হামযা (রহঃ) নির্ভরযোগ্য (ছিকা) রাবী। সম্ভবত আবূ হামযা (রহঃ) ছাড়া অন্য কোন রাবী থেকে এই ভুলটা হয়েছে। হানদার (রহঃ) ইবনু আলী মূলায়কা (রহঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আবূ বকর ইবনু আইয়্যাশ-এর (১৩৭৪ নং) অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। অধিকাংশ আলিম বলেন, শুফ’আ-এর অধিকার রয়েছে বাড়ী ও ভূমিতে (অর্থাৎ স্থাবর সম্পত্তিতে)। সব জিনিসেই শুফ’আ নেই। কতক আলিম বলেন, সব জিনিসেই শুফ’আ-এর অধিকার রয়েছে। প্রথমোক্ত মতটই অধিকতর সহীহ।

## English

Narrated Ibn Abbas:
that the Messenger of Allah (ﷺ) said: "The partner is the preemptor, and preemption is in everything."

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21793

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন